# জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে ছাত্রদলের কর্মসূচি ঘোষণা




সংগৃহীত ছবি

জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে দুই দিনের কর্মসূচি ঘোষণা করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল। সোমবার (৩ নভেম্বর) সংগঠনের সভাপতি রাকিবুল ইসলাম রাকিব ও সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির এক যৌথ বিবৃতিতে এ কর্মসূচির ঘোষণা দেন।

ছাত্রদলের দফতর সম্পাদক (সহ-সভাপতি পদমর্যাদা) মো. জাহাঙ্গীর আলম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, দিবসটির তাৎপর্য তুলে ধরতে এবং জাতির ইতিহাসে ৭ নভেম্বরের গুরুত্ব স্মরণে এই কর্মসূচিগুলো হাতে নেওয়া হয়েছে। সংগঠনের পক্ষ থেকে সব পর্যায়ের নেতাকর্মীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে কর্মসূচিগুলো সফলভাবে সম্পন্ন করার আহ্বান জানানো হয়।

ঘোষিত কর্মসূচির মধ্যে রয়েছে—৭ নভেম্বর সকাল ১০টায় বীর উত্তম শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের মাজারে পুষ্পস্তবক অর্পণ ও ফাতেহা পাঠ, সারাদেশের বিশ্ববিদ্যালয় ও কলেজে পোস্টার সাঁটানো এবং সকাল ১১টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের আয়োজনে আলোকচিত্র প্রদর্শনী। একই দিন বিকেল ৩টায় বিএনপির উদ্যোগে রাজধানীর নয়াপল্টনে র‍্যালি অনুষ্ঠিত হবে।

পরদিন ৮ নভেম্বর জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে সারাদেশের সব বিশ্ববিদ্যালয়, মহানগর ও জেলা পর্যায়ে আলোচনা সভা আয়োজন করা হবে। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের উদ্যোগে বিশেষ আলোচনা সভারও আয়োজন রয়েছে।

ছাত্রদলের নেতারা জানান, জাতীয় বিপ্লব ও সংহতি দিবস দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় এক ঐতিহাসিক দিন। নতুন প্রজন্মের মাঝে এই দিবসের চেতনা ছড়িয়ে দিতে তাদের কর্মসূচি পালন অব্যাহত থাকবে।